

54 W. 33rd St., নিউ ইয়র্ক

৯ ফেব্রুআরি, ১৮৯৫

প্রিয় সান্যাল,

তোমার এক পত্র পাইলাম, তাহাতে টাকা পৌঁছিবাব সংবাদ লিখিয়াছ; কিন্তু বস্টন হইতে কয়েকটি বন্ধু যে টাকা পাঠান, তাহার সংবাদ এখনও পাই নাই -- বোধ হয় দুই-এক সপ্তাহের মধ্যে পাইব। গোপালদাদা কাশী হইতে এক পত্র লেখে। জমির বিষয় যাহা লিখিয়াছ, তাহা কিছুই নহে। পরঞ্চ রাখাল এক পত্রে জমির বিষয় লিখিতেছেন, তাহাও কিছু বিশেষ নহে। দুটো ঘরওয়ালা যে জমির বিষয় লিখিয়াছ, তাহাতে আমার আপত্তি আছে -- অর্থাৎ ঘরের জন্য জমিটার কমি না হয়। জমিটা যাহাতে বড় হয়, তাহার চেষ্টা করিবে। তোমাদের ঐ যে গোঁড়ামি, তাহাতে তোমাদের নিয়ে যে কিছু করা -- তা আমার দ্বারা হবে না। পরমহংসদেব আমার গুরু ছিলেন; আমি তাঁকে যাই ভাবি, দুনিয়া তা ভাববে কেন? গুরুপূজার ভাব বাংলা দেশ ছাড়া অন্যত্র আর নাই -- তথাপি অন্য লোকে সে ভাব লইবার জন্য প্রস্তুত নহে। তোমাদের ভেতর একটা মস্ত মূর্খতা আছে যে, তোমরা একটা কি! বলি কলকাতার দশ ক্রোশ তফাতে -- না তোমাদের কেউ জানে, না তোমাদের গুরুকে কেউ জানে। আর তোমরা সেই 'পরমহংসদেব অবতার' নিয়ে ছেঁড়াছিঁড়ি। ফল -- আমি শশী প্রভৃতিকে কিঞ্চিৎ বোঝাবার চেষ্টা করে দেখলাম যে, সে চেষ্টা নিষ্ফল। অতএব তাদের দিল্লীর লাডু দিয়ে সরে পড়াই ভাল।

মা-ঠাকুরানীর জন্য জমি কিনে দিলে আমি আপনাকে ঋণমুক্ত মনে করব। তারপর আমি আর কিছু বুঝিসুঝি না। তোমরা তো আমার নামটি টেনে নেবার বেলা খুব তৈয়ার -- যে আমি তোমাদেরই একজন। কিন্তু আমি একটা কাজ করতে বললে অমনি পেছিয়ে পড়, 'মতলবকী গরজী জগ্ সারো' -- এ জগৎ মতলবের গরজী।

আমি বাঙলা দেশ জানি ইন্ডিয়া জানি -- লম্বা কথা কইবার একজন, কাজের বেলায় -- ০ (শূন্য)।

আমি এখানে জমিদারিও কিনি নাই, বা ব্যাঙ্কে লাখ টাকাও জমা নাই। এই ঘোর শীতে পর্বত-পাহাড়ে বরফ ঠেলে -- এই ঘোর শীতে রান্তির দুটো-একটা পর্যন্ত রাস্তা ঠেলে লোকচার করে দু-চার হাজার টাকা করেছি -- মা ঠাকুরানীর জন্য জায়গা কিনলেই আমি নিশ্চিত। গুঁতোগুঁতির আড্ডা করে দেবার শক্তি আমার নাই। অবতারের বাচ্চারা কোথায় -- ছোট ছোট অবতারেরা -- ওহে অবতারের পিলেগণ?

অলমিতি। তোমাদের হতে আমার কোনও আশা নাই। তোমরাও আমার কোনও আশা করো না। যে যার আপনার পথে চলে যাও। শুভমস্তু। এ দুনিয়া এই রকম মতলব-ভরা!

চিঠিপত্র উপরোক্ত ঠিকানায় লিখবে এখন হতে। এই ঠিকানা এখন হতে -- আমার নিজের আড্ডা। যদি পার একখানা 'যোগবাশিষ্ঠ রামায়ণ' -- English translation (ইংরেজী অনুবাদ) পাঠাবে। মহিনকে দাম দিতে বলবে। ইতি

পূর্বে যে বইয়ের কথা লিখেছি অর্থাৎ সংস্কৃত নারদ-ও শাভিল্য-সূত্র, তাহা ভুলো না। ইতি

‘আশা হি পরমং দুঃখং নৈরাশ্যং পরমং সুখম।’ ইতি

নরেন্দ্র